

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | أَلشُّعَرَاء

আয়াতঃ ২৬:৫৯

💵 আরবি মূল আয়াত:

كَذٰلِكَ ١٤ وَ أُورَتْنَهَا بَنِي اِسرَآءِيلَ ﴿١٩٥﴾

এরপই এবং আমি বনী ইসরাঈলকে এসবের ওয়ারিস বানিয়েছিলাম। — আল-বায়ান এভাবেই ঘটেছিল, আমি বানী ইসরাঈলকে এসব কিছুর উত্তরাধিকারী করে দিয়েছিলাম। — তাইসিরুল এরপই ঘটেছিল এবং বানী ইসরাঈলকে আমি করেছিলাম এ সমুদয়ের অধিকারী। — মুজিবুর রহমান

Thus. And We caused to inherit it the Children of Israel. — Sahih International

৫৯. এরূপই ঘটেছিল এবং আমরা বনী ইসরাঈলকে করেছিলাম এসবের অধিকারী।(১)

(১) এ আয়াতে বাহ্যতঃ বলা হয়েছে যে, ফিরআউন সম্প্রদায়ের পরিত্যক্ত সম্পত্তি, বাগ-বাগিচা ও ধন-ভাণ্ডারের মালিক তাদের নিমজ্জিত হওয়ার পর বনী ইসরাঈলকে করে দেয়া হয়। [তাবারী, কুরতুবী] এই ঘটনাটি কুরআনুল করীমের একাধিক সূরায় ব্যক্ত হয়েছে। যেমন, সূরা আল-আ'রাফের ১৩৬ ও ১৩৭ নং আয়াতে, সূরা আল কাসাসের ৫ নং আয়াতে, সূরা আদ-দোখানের ২৫ থেকে ২৮ নং আয়াতসমূহে এবং সূরা আশ-শু'আরার আলোচ্য ৫৯ নং আয়াতে এ ঘটনা উল্লেখিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(৫৯) এরূপই ঘটল এবং বনী-ইস্রাঈলকে এ সমুদয়ের অধিকারী করলাম। [1]

[1] অর্থাৎ, যে ক্ষমতা ও রাজত্ব ফিরআউন অর্জন করেছিল, তা তার কাছ হতে ছিনিয়ে নিয়ে বনী-ইস্রাঈলকে দিয়ে দিলেন। কেউ কেউ বলেন যে, এর অর্থ এই যে, মিসরের মত রাজ্য ও পার্থিব সুখ বনী-ইস্রাঈলকে (অন্যত্র) দান করলাম। কারণ বনী-ইস্রাঈল মিসর হতে বের হয়ে যাওয়ার পর তারা দ্বিতীয়বার মিসরে ফিরে আসেনি। তাছাড়া সূরা দুখানে (২৮নং আয়াতে) বলা হয়েছে, ﴿كَذَلِكَ وَأُوْرُ ثُنَاهَا قَوْمًا أَخُرِينَ ﴿ مَا الْخُرِينَ ﴾ অর্থাৎ, অন্য জাতিকে আমি তার উত্তরাধিকারী বানালাম। (আইসারুততাফসীর) প্রথমোক্ত বিদ্বানগণ বলেন যে, قومًا أَخُرين, এর মধ্যে قومًا দিও ব্যাপক, কিন্তু এখানে সূরা শুআরাতে বনী-ইস্রাঈলকে উত্তরাধিকারী করার কথা স্পষ্টভাবে বলা হয়েছে। অতএব মিসরের উত্তরাধিকারী বনী-ইস্রাঈল জাতিই হবে। কিন্তু খোদ কুরআনের স্পষ্ট বর্ণনা অনুযায়ী বুঝা যায় যে, বনী-ইস্রাঈলদের মিসর হতে বের হওয়ার পর তাদেরকে পবিত্র ভূমিতে প্রবেশের কথা বলা হয়েছে। তারপর তারা পবিত্র



ভূমিতে প্রবেশ করেছিল। সুতরাং মূসা (আঃ)-এর কবর মি'রাজের হাদীস অনুসারে বায়তুল মাকদিসের নিকটই রয়েছে। এই কারণে এর সঠিক অর্থ এই যে, যেমন দুনিয়ার ভোগ-সামগ্রী মিসরে ফিরআউনদের ছিল, অনুরূপ ভোগ-সামগ্রী বনী-ইস্রাঈলকেও দান করা হয়েছিল। কিন্তু তা মিসরে নয়; বরং প্যালেস্টাইনে।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2991

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন